দামুড়হুদায় বিএনপি’র নেতা কর্মীদের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময় করলেন বাবু খাঁন

দামুড়হুদা উপজেলার ৬টি ইউনিয়নের বিএনপি’র নেতা কর্মীদের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময় করলেন বিএনপি’র কেন্দ্রীয় কমিটির কোষাধ্যক্ষ ও চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক মাহমুদ হাসান খাঁন বাবু।

আজ সোমবার দিনভর তিনি বিভিন্ন ইউনিয়ন ঘুরে দলীয় নেতা কর্মীদের সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময় করেন।
এসময় বাবু খাঁন বলেন, দেশের মানুষ ভালোভাবে পবিত্র ঈদুল আজহা উদযাপন করতে পারেনি। দ্রব্য মুল্যের উর্ধগতির বাজারে যেভাবে নিত্য প্রয়োজনীয় জিনিস পত্রের দাম বেরেছে তাতে সাধারণ মানুষ দিশেহারা। ১ কেজি গরুর মাংসের দাম ৮০০ টাকা কিন্তু ১ কেজি কাঁচা মরিচের দাম ১০০০ থেকে ১২০০ টাকা। দেশের সাধারণ মানুষ আর এই ভোট চোর সরকারকে চাইনা। জনগণ এই সরকারের থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। তাই এখনো সময় আছে আপনারা সংশধন হন, নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধিনে ছাড়া এই বাংলায় আর ভোট চুরি করে ক্ষমতায় আসা যাবেনা। তানাহলে এদেশের জনগণকে সঙ্গে নিয়ে ভোট চোরদের প্রতিহত করা হবে।

দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন জেলা কৃষক দলের আহবায়ক মোকাররম হোসেন, দামুড়হুদা থানা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম তনু, জেলা বিএনপির সদস্য সালমা জাহান পারুল, দামুড়হুদা থানা বিএনপি’র সিঃ সহসভাপতি আ: ওয়াহেদ, যুগ্ন সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম। দামুড়হুদা থানা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক ইকরামুল হক।

এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ঈদ্রীস আলী, সাধারণ সম্পাদক রুহুল আমিন, নাটুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সাধারণ সম্পাদক ওসমান গনি, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সাধারণ সম্পাদক সাঈদ বিশ্বাস, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ

আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম।

দামুড়হুদা থানা যুবদলের আহবায়ক মাহবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, সোহেল রানা, দামুড়হুদা থানা ছাত্র দলের সভাপতি আফজালুল হক সবুজ, সাধারণ সম্পাদক সুলতান আহাম্মেদসহ থানা ও ইউনিয়ন বিএনপির অঙ্গসংগঠনের নেতা কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।